# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ বিভিন্ন ভাল কাজ সম্পাদন ও অনেক আদিষ্ট বিষয় প্রতিপালন দ্বারা কম ধোঁকা খাওয়া ওয়াজিব

## ذِكْرُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنْ قِلَّةِ الِاغْتِرَارِ بِكَثْرَةِ إِتْيَانِهِ الْمَأْمُورَاتِ وَسَعْيِهِ فِي أَنْوَاعِ الطاعات

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ قَحْطَبَةَ بِفَمِ الصُّلْحِ حَدَّثَنَا يَحْيَى بْنُ حَبِيبِ بْنِ عَرَبِيٍّ حَدَّثَنَا ابْنُ عُلَيَّةَ حَدَّثَنَا رَوْحُ بْنُ الْقَاسِمِ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ أَنَّ سُرَاقَةَ بْنَ جُعْشُمٍ قَالَ: يَا رَسُولَ اللَّهِ أَخْبِرْنَا عَنْ أَمْرِنَا كَأَنَّا نَنْظُرُ إِلَيْهِ أَبِمَا جَرَتْ بِهِ الْأَقْلَامُ وَثَبَتَتْ بِهِ الْمَقَادِيرُ أَوْ بِمَا يُسْتَأْنَفُ؟ قَالَ: (لَا بَلْ بِمَا جَرَتْ بِهِ الْأَقْلَامُ وَثَبَتَتْ بِهِ الْمَقَادِيرُ) قَالَ: فَفِيمَ الْعَمَلُ إِذًا؟ قَالَ: (اعْمَلُوا فَكُلٌّ مُيَسَّرٌ) قَالَ سُرَاقَةُ: فَلَا أَكُونُ أَبَدًا أَشَدَّ اجْتِهَادًا فِي الْعَمَلِ مِنِّي الْآنَ.
الراوي : سُرَاقَة بْن جُعْشُمٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 338 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

৩৩৮. সুরাকাহ বিন জু‘শুম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম: হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি আমাদেরকে আমাদের কর্ম সম্পর্কে বলুন, এটি কি কলম যা লিপিবদ্ধ করেছে এবং ভাগ্যে স্থির করা হয়েছে, সেই অনুপাতেই হয়, নাকি নতুন করে হয়? ”রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: না, বরং এটি কলম যা লিপিবদ্ধ করেছে এবং ভাগ্যে স্থির করা হয়েছে, সেই অনুপাতেই হয়।” তখন সাহাবী বলেন: “ তাহলে আমরা আমল করি কিসের জন্য?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “তোমরা আমল করতে থাকবে। কেননা প্রত্যেককেই (যে জন্য সৃষ্টি করা হয়েছে তা) সহজ করে দেওয়া হবে।”

সুরাকাহ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: “আজ থেকে আমি আমলের ক্ষেত্রে সর্বাধিক সচেষ্ট থাকবো।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২৯২; সহীহ মুসলিম: ২৬৪৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (যিলালুল জান্নাহ: ১৬৫, ১৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সুরাকাহ্ ইবনু মালিক ইবনু জু‘শুম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88637

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন